



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৮৫

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা থানার বিজিবি সদস্যদের সাথে স্থানীয় গ্রামবাসীর সংঘর্ষে বিজিবির একজন সদস্যসহ মোট ৫জন নিহত হয়েছেন। বিজিবির মত প্রশিক্ষিত বাহিনীর সাথে গ্রামবাসীর সংঘর্ষ হওয়া এবং এতে এক জন বিজিবি সদস্যসহ মোট পাঁচ জনের মৃত্যুর ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করেছে। বিজিবির সদস্যদের গুলিবর্ষণের কারণেই হোক অথবা গ্রামবাসীর দ্বারা বিজিবির অস্ত্র কেড়ে নিয়ে গুলি চালানোর কারণেই হোক, পাঁচ জনই নিহত হয়েছে বিজিবির হেফাজতে ও নিয়ন্ত্রণে থাকা অস্ত্রের গুলিতে। কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি মনে করেন, বিজিবি কর্তৃপক্ষ কোন ভাবেই এ হত্যাকাণ্ডের দায় এড়াতে পারে না। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর, সেখানে গুলি চালানোর মত পরিস্থিতির উদ্ভব হয়েছিল কি না এ বিষয়ে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত হওয়া এবং এ বিষয়ে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যিক মর্মে জাতীয় মানবাধিকার কমিশন মনে করে। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় এ বিষয়ে তদন্তপূর্বক গৃহীত ব্যবস্থা কমিশনকে অবহিত করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

বার্তা প্রেরক

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬